গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষে কর্মসূচী বাস্তবায়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	কামরুন নাহার সচিব
সভার তারিখ	০৯ জুলাই ২০১৯ খ্রিঃ।
সভার সময়	দুপুর ১২.৩০ ঘটিকা।
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন-৬), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগষ্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার যথাযথ ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস ২০১৯ পালনের জন্য সকলকে আহবান জানান। অতঃপর জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণ বিষয়ে গত ০২ জুলাই, ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার কার্যপত্র নিয়ে আলোচনা করা হয়।

০২। সভায় উপস্থিত দপ্তর/সংস্থার প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক এবং জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালক জানান, জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য প্রস্তুতি সম্পন্ন করছেন। ঐদিন জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক ও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হবে। এছাড়া, জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে। বাংলাদেশ শিশু একাডেমির পরিচালক জানান, জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য প্রস্তুতি গ্রহণ করছেন। ঐদিন জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক ও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হবে। এছাড়া, কোরআন খানি, বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতা, ছবি আঁকা এবং বঙ্গবন্ধু ও শেখ রাসেলকে নিয়ে লেখা পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হবে। বাংলাদেশ শিশু একাডেমি থেকে বিশেষ 'শিশু' সংখ্যা প্রকাশ করা হবে।

০৩। সভাপতি, জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন এবং জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণে দপ্তর/সংস্থার প্রতিনিধিদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, অতিরিক্ত সচিব (প্রশাসন) মন্ত্রণালয়ের ব্যানারে পুস্পস্তবক অর্পনের বিষয়ে ব্যানার, বঙ্গবন্ধুর ছবি সম্বলিত ক্যাপ ও পুস্পস্তবক তৈরীসহ সার্বিক সমন্বয় ও তদারকির দায়িত্ব পালন করবেন।

০৪। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	**গৃহীত কর্মসূচিসমূহ**	**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ।**
(ক)	১৫ আগষ্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি, জয়িতা ফাউন্ডেশন এবং অধিনস্থ জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনিমিত রাখা হবে।	মশিবিম এর অধিনস্থ সকল দপ্তর/সংস্থা।

(খ)	ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নেতৃত্বে সকল কর্মকর্তাদের সমন্বয়ে পুস্পস্তবক অর্পণ করা হবে। বঙ্গবন্ধুর ছবি এবং মন্ত্রণালয়ের নাম সম্বলিত ১০০টি ক্যাপ তৈরী করতে হবে। অতিরিক্ত সচিব (প্রশাসন) সার্বিক বিষয় তদারকি করবেন।	প্রশাসন (অনু বিভাগ)
(গ)	মন্ত্রণালয়ের অধিনস্হ দপ্তর/সংস্হা/একাডেমী/ফাউন্ডেশন প্রধানগণ স্ব স্ব প্রতিষ্ঠানের ব্যানারে পুস্পস্তবক ও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করবেন।	সকল দপ্তর/সংস্হা।
(ঘ)	যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য দপ্তর/সংস্হার আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে স্ব স্ব প্রতিষ্ঠান কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে।	মশিবিম এর অধিনস্হ সকল দপ্তর/সংস্হা।
(ঙ)	জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে স্ব স্ব প্রতিষ্ঠান কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্হিতি নিশ্চিত করতে হবে।	মশিবিম এর অধিনস্হ সকল দপ্তর/সংস্হা।
(চ)	বাংলাদেশ শিশু একাডেমী কোরআন খানি, বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতা, ছবি আঁকা এবং বঙ্গবন্ধু ও শেখ রাসেলকে নিয়ে লেখা পুস্তক প্রদর্শনীর আয়োজন করবে। এক্ষেত্রে ১৫ আগস্টের উপর বাংলাদেশ শিশু একাডেমি থেকে বিশেষ ‘শিশু’ সংখ্যা প্রকাশ করবে।	বাংলাদেশ শিশু একাডেমী।
(ছ)	বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৭টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্হা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করে শিক্ষা মন্ত্রণালয়ের ২টি বিভাগের সচিবকে এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবকে ডি.ও পত্র দেয়া হবে। বাংলাদেশ শিশু একাডেমি দ্রুত বইয়ের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	শিশু শাখা এবং বাংলাদেশ শিশু একাডেমী।
(জ)	জাতীয় কর্মসূচির আলোকে দপ্তর/সংস্হা স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। এ লক্ষ্যে আগষ্ট ২০১৯ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা আহবান করা হবে।	মন্ত্রণালয় এবং দপ্তর/ সংস্হা।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কামরুন নাহার
সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৯.২৩.০০২.১৮.৬১৯

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।
২) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।
৫) উপসচিব(সকল),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৬) পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৭) সিনিয়র সহকারী সচিব (সকল)/ সিনিয়র সহকারী প্রধান(সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮) প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।



মোঃ মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব